

بِسْمِ الرَّحْمَنِ الرَّحِيمِ



Phone: (202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mail: bdoot_pwash@yahoo.com

Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C. 20008

Press Release

18 September 2014

Ambasaador Mohammad Ziauddin presents his credential to President Barak Obama.

The new Ambassador of Bangladesh to the USA, Mr. Mohammad Ziauddin, presented his credential to President Barak Obama today at 11:15 AM. President Obama welcomed the Ambassador in the Oval Office of the White House, and received his credential papers.

During the ceremony, Ambassador Mohammad Ziauddin conveyed to President Obama the warm greetings of President Abdul Hamid and Prime Minister Sheikh Hasina of Bangladesh and also their warm invitation to him to visit Bangladesh as soon as convenient.

Ambassador Ziauddin also said the Bangladesh and the USA enjoys the best of relations and that the USA has been to Bangladesh a time tested, trusted and reliable partner in its development and progress.

He also mentioned how grateful Bangladesh was to President Obama for its inclusion in all four of his Global Initiatives – Feed the Future; Climate Change; Health; and Engagement with the Muslim World.

Ambassador Ziauddin also stated that the government of Prime Minister Shjeikh Hasina deeply appreciates the support of the USA and other friends of Bangladesh in its fight against terrorism and all forms of extremism in the country.

In response, President Obama said that the two countries would continue to work together in strengthening the bilateral relations, and for achieving our common goals. He also said that the Ambassador would get all support in carrying out his work during his tenure in the USA.

Earlier at 9 AM, representatives from the Chief of Protocol's office escorted Ambassador Mohammad Ziauddin and his family to the White House. On their return to the Bangladesh House, a reception was held by the Ambassador for the escorting and Embassy officers. Later the Embassy officials organized a dinner at the Chancery in honor of the Ambassador.

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone: (202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mail: bdoot_pwash@yahoo.com

Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

3510 International Drive, NW
Washington, D.C. 20008

প্রেস বিজ্ঞপ্তি

১৮ সেপ্টেম্বর ২০১৪

প্রেসিডেন্ট ওবামার নিকট রাষ্ট্রদূত জিয়াউদ্দিনের আনুষ্ঠানিক পরিচয়পত্র পেশ।

যুক্তরাষ্ট্রে বাংলাদেশের নবনियুক্ত রাষ্ট্রদূত মুহাম্মদ জিয়াউদ্দিন আজ সকাল ১১১৫ ঘটিকায় হোয়াইট হাউসে মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামার নিকট আনুষ্ঠানিকভাবে তাঁর পরিচয়পত্র পেশ করেন। প্রেসিডেন্টের ওভাল অফিসে আড়ম্বরপূর্ণ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে প্রেসিডেন্ট ওবামা রাষ্ট্রদূত জিয়াউদ্দিনের পরিচয়পত্র গ্রহন করেন।

এসময় রাষ্ট্রদূত জিয়াউদ্দিন প্রেসিডেন্ট ওবামাকে বাংলাদেশের রাষ্ট্রপতি মোঃ আব্দুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা জানান এবং সুবিধাজনক সময়ে বাংলাদেশ ভ্রমণের জন্য তাঁদের উষ্ণ আমন্ত্রণ-ও তাঁর নিকট পৌঁছে দেন।

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের দ্বিপাক্ষিক বর্তমান সম্পর্ককে 'সর্বোচ্চ পর্যায়ের' বলে উল্লেখ করে রাষ্ট্রদূত যুক্তরাষ্ট্রকে বাংলাদেশের উন্নয়ন ও অগ্রযাত্রার পথের একজন 'পরীক্ষিত, বিশ্বস্ত ও নির্ভরযোগ্য অংশীদার' হিসেবে চিহ্নিত করেন। ওবামা প্রশাসনের চারটি গ্লোবাল ইনিশিয়েটিভ যথাঃ ফিড দ্য ফিউচার, জলবায়ু পরিবর্তন, স্বাস্থ্য এবং মুসলিম বিশ্বের সাথে এনগেজমেন্ট - এর সবকটিতে বাংলাদেশকে যুক্ত করায় তিনি প্রেসিডেন্ট ওবামার প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন।

এ সময় রাষ্ট্রদূত আরও বলেন, বাংলাদেশে সন্ত্রাস দমন ও সবধরনের জঙ্গিবাদ নিয়ন্ত্রণে মার্কিন যুক্তরাষ্ট্র ও অন্যান্য বন্ধু রাষ্ট্রের সমর্থনকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার অত্যন্ত গভীরভাবে মূল্যায়ন করে থাকে।

প্রেসিডেন্ট ওবামা তাঁর বক্তব্যে বলেন, যুক্তরাষ্ট্র-বাংলাদেশ দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়ন এবং নিজেদের অভিন্ন লক্ষ্যে পৌঁছাতে উভয় দেশ একযোগে কাজ করে যাবে। এসময় তিনি নবনিযুক্ত রাষ্ট্রদূত কে তাঁর দায়িত্ব পালনকালে মার্কিন প্রশাসনের পক্ষ থেকে সকল প্রকার সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

এরপূর্বে সকাল নয়টায় চিফ অফ প্রটোকল-এর প্রতিনিধিগণ রাষ্ট্রদূত ও তাঁর পরিবারের সদস্যগণকে তাঁর বাসভবন থেকে নিরাপত্তা সহকারে হোয়াইট হাউসে নিয়ে যান। পরিচয়পত্র প্রদান অনুষ্ঠান শেষ হবার পর চিফ অফ প্রটোকল-এর প্রতিনিধি এবং দূতাবাসের কর্মকর্তাদের সম্মানে রাষ্ট্রদূত মহোদয় বাংলাদেশ হাউসে একটি সংবর্ধনার আয়োজন করেন। এছাড়া এ উপলক্ষ্যে দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারীর পক্ষ থেকে সন্ধ্যায় রাষ্ট্রদূতের সম্মানে দুতালয়ে একটি নৈশভোজেরও আয়োজন করা হয়।

